# NEW BLOWN

*-An Int'l Standard School-*

**4th Week: Class-Four**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 27-02-2021 | Saturday | B.G.S | অধ্যায়-২ এর যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলন হবে পৃ:৮ থেকে। যোগ্যতাভিত্তিক প্রশ্ন: শিক্ষক কর্তৃক নির্ধারিত) C.W+H.W |
| | | English-1 | Model-2 (3) No. C.W +H.W ; Pg-8 (E.G.C) |
| | | Bangla-1 | পালকির গান' কবিতাটির সম্পূর্ণ শীট পড়া + C.W |

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 28-02-2021 | Sunday | B.G.S | অধ্যায়-৩ (বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) রিডিং পৃ: ১০-১৩) পর্যন্ত এবং রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ: C.W+H.W |
| | | English-1 | Unit-7, Reading (Pg-14) + Unit-8 Reading and Pg (16-B) C.W |
| | | Bangla-1 | বীরশ্রেষ্ঠদের বীরগাথা' সম্পূর্ণ রিডিং অনুশীলনীর (১,৩,৪)নং |

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 01-3-2021 | Monday | Math | নামতা-১১,১২ ঘরের পড়া + C.W |
| | | English-2 | Chapter-ten: Definition, Kinds, Examples of Pronoun (Pg-47) C.W |
| | | Bangla-2 | সমার্থক শব্দ (অধিক–কর্ণ) পৃ: ১০৯ C.W (দরখাস্ত) i) অনুপস্থিতি জনিত ছুটি মঞ্জুরের আবেদন। পৃ: ১৭৭ H.W |

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 02-3-2021 | Tuesday | Math | নামতা-১৩,১৪ ঘরের পড়া + H.W |
| | | English-2 | Chapter-11: Definition, Kinds, Examples of Adjective (Pg-53,54) C.W |
| | | Bangla-2 | বিরামচিহ্ন সংজ্ঞা, বিরাম চিহ্ন ব্যবহারের নিয়ম (১-৩) পৃ: ৯১, ৯২ C.W |

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 03-2-2021 | Wednesday | Math | অধ্যায়-৩ গুণ অনুশীলনীর ১নং (১-১০) C.W + (১১-২০) (পৃ: ৪২) H.W |
| | | Science | অধ্যায়-২ এর (১৬,১৭ পৃ: রিডিং এবং রিডিং থেকে যোগ্যতাভিত্তিক প্র:উ: অনুশীলন। |
| | | Islam Reli. | ইমান ও আকাইদ শীটের প্র:উ: (চ)নং পড়া + C.W |
| | | Hindu Reli | পৃ: ১১ (ক–ঘ) নং পড়া + C.W |

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 04-3-2021 | Thursday | Math | অনুশীলনীর ২নং C.W (পৃ: ৪২) |
| | | Science | ১৮,১৯ পৃ: রিডিং পড়া ও রিডিং থেকে যোগ্যতাভিত্তিক প্রশ্ন C.W + H.W |
| | | Islam Reli. | তৃতীয় অধ্যায় (আখলাক) পৃ: (৪০-৪৩) রিডিং পড়া + রিডিং থেকে ৫টি শূন্যস্থান C.W |
| | | Hindu Reli | পৃ: ১৩ (ঙ) নং প্র:উ: পড়া + C.W |

# NEW BLOWN

*-An Int'l Standard School-*

**5th Week: Class-Four**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 06-3-2021 | Saturday | B.G.S | অধ্যায়-৩ রিডিং পৃ: (১৪-১৭) পর্যন্ত এবং রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ: বাম/ডান C.W+ H.W |
| 06-3-2021 | Saturday | English-1 | Punctuation: Unit-1(Pg-134) C.W |
| 06-3-2021 | Saturday | Bangla-1 | বীরশ্রেষ্ঠদের বীরগাথা' সম্পূর্ণ শীট (ক-গ) C.W + (ঘ,ঙ) H.W |
| 07-3-2021 | Sunday | B.G.S | অধ্যায়-৩, পৃ: ১০ থেকে যোগ্যতাভিত্তিক প্রশ্ন (শিক্ষক কর্তৃক নির্ধারিত) C.W + H.W |
| 07-3-2021 | Sunday | English-1 | Letter No-1 (Pg-182) C.W + H.W |
| 07-3-2021 | Sunday | Bangla-1 | পাঠ্যবই বহির্ভূত অনুচ্ছেদ। নমুনা প্রশ্ন ০১ এর ৩,৪নং C.W । পৃ: ১২৫। বাংলা ব্যাকরণ ও নির্মিতি বই হতে। |
| 08-3-2021 | Monday | Math | অনুশীলনীর ৫নং C.W (পৃ: ৪৩) C.W |
| 08-3-2021 | Monday | English-2 | Paragraph: Your Daily Routine (C.W +H.W) |
| 08-3-2021 | Monday | Bangla-2 | ছাড়পত্র পাওয়ার জন্য আবেদন। পৃ: ১৭৯ (C.W +H.W) |
| 09-3-2021 | Tuesday | Math | পৃ: ৪৩ এর (৬-৯)নং (C.W +H.W) |
| 09-3-2021 | Tuesday | English-2 | Definition, Structure, Exam of Present Perfect, Present + Perfect Continuous (Pg-90) |
| 09-3-2021 | Tuesday | Bangla-2 | রচনা: 'আমাদের দেশ' পৃ: ১৯৩ (ভূমিকা–জন্ম) পড়া + C.W |
| 10-3-2021 | Wednesday | Math | পৃ: ৪৩ এর (১০-১২)নং C.W +H.W |
| 10-3-2021 | Wednesday | Science | ২০ পৃ: অনুশীলনীর ১,২,৫নং C.W +৩নং পড়া ও H.W |
| 10-3-2021 | Wednesday | Islam Reli. | অধ্যায়-৩, পৃ: (৪৪-৪৮) রিডিং পড়া +রিডিং থেকে ৫টি সং:প্র:উ: C.W |
| 10-3-2021 | Wednesday | Hindu Reli | মুনি-ঋষি ও ধর্মগ্রন্থ: পৃ: (১৪-১৭) রিডিং পড়া + রিডিং থেকে সং:প্র:উ: পড়া। |
| 11-3-2021 | Thursday | Math | অধ্যায়-৪: ভাগ অনুশীলনীর ১নং C.W (পৃ: ৫৬) |
| 11-3-2021 | Thursday | Science | ২০ পৃ: বর্ণনামূলক প্র:উ: (১,২)নং C.W +H.W |
| 11-3-2021 | Thursday | Islam Reli. | ৪৯,৫০ পৃ: রিডিং পড়া + পৃ: ৫১,৫২, ৫৩ এর (ক,খ,গ)নং পড়া + C.W |
| 11-3-2021 | Thursday | Hindu Reli | পৃ: ১৮ এর রিডিং পড়া + পৃ: (১৯,২০) (ক–ঘ) নং পড়া + C.W |

বিষয়ঃ বাংলা ১ম পত্র শ্রেণিঃ চতুর্থ

## পালকির গান

**মূলভাবঃ**

তীব্র রোদে বেহারারা পালকি নিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় যায়। চলার পথে পা মেলাতে তারা তালে তালে গান গায়। এই গানের কথায় গ্রাম বাংলার চলমান জীবনের ছবি ফুঠে উঠেছে। ময়রা মুদি দোকানের তক্তায় বসে ঘুমে ঢুলছে। দুধের কড়াইয়ের ধারে মাছি ভন ভন করছে। দিনশেষে হাটুরেরা চলছে রুক্ষ বেশে। কুকুর গুলো ধুঁকছে। বাঁধের ওপারে সূর্য ঢলে পড়ছে। বেহারারা ক্লান্ত হয়ে পড়েছে। ভাবছে, আরও কত দূর যেতে হবে।

**ক) দুপুরের রোদে পালকির বেহারাদের কী অবস্থা হয়েছে?**

**উত্তরঃ** গ্রীষ্মের রৌদ্রতপ্ত দুপুর বেলায় মাথার উপরে সূর্যের তাপ ছড়াচ্ছে। এ রকম পরিবেশে খালি গায়ে পালকি কাঁধে নিয়ে বিরতিহীনভাবে এগিয়ে যাচ্ছে বেহারারা। তাদের খালি গা পুড়ে যাচ্ছে। ঘেমে যাচ্ছে তাদের দেহ।

**খ) পাটায় বসে ময়রা কী করছেন?**

**উত্তরঃ** গ্রীষ্মের অলস দুপরে ময়রা দোকানে পাটায় বসে চোখ বুজে অলস ঘুমের আমেজে ঢুলছে। এ সময় মাছিগুলো দুধের চাঁছি শুষছে এবং কয়েকটা মাছি ভনভন শব্দে উড়ে বেড়াচ্ছে।

**গ) হাটুরে কোথায় যাচ্ছেন?**

**উত্তরঃ** হাটুরেদের কেনা-বেচা শেষ হয়েছে। তাই তারা রুক্ষ বেশে হন হন করে বাড়ির দিকে ফিরছে।

**ঘ) কুকুরগুলো ধুঁকছে কেন?**

**উত্তরঃ** গ্রীষ্মের অলস দুপুরে সূর্য তার কড়া তাপ চারিদিকে ছড়িয়ে দিচ্ছে। এ সময় অন্য সব প্রাণীর মতোই কুকুরগুলো ক্লান্ত ও অবসন্ন হয়ে পড়ছে। তাই কুকুরগুলো ধুঁকছে।

**ঙ) বেহারারা পালকিতে কী নিয়ে যাচ্ছেন?**

**উত্তরঃ** পালকি বাংলা সংস্কৃতির একটি অন্যতম অংশ। আমাদের দেশে বিয়েতে বর-কনেকে বহন করার জন্য সাধারণত পালকির ব্যবস্থা করা হতো। এ কবিতায় বেহারারা পালকিতে বর-কনেকে বহন করে নিয়ে যাচ্ছেন।

NEW BLOWN

*-An Int'l Standard School-*

তারিখঃ ০৬-০৩-২০২১

বিষয়ঃ বাংলা ১ম পত্র শ্রেণিঃ চতুর্থ

## বীরশ্রেষ্ঠদের বীরগাথা

**শব্দার্থঃ**

বীরশ্রেষ্ঠ = মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য যারা শ্রেষ্ঠ

রণক্ষেত্র = যুদ্ধের স্থান

নিয়ন্ত্রণ = নিজের আয়ত্তে আনা

অতিক্রম = কোনো কিছু পার হওয়া বা ছাড়িয়ে যাওয়া

বিধ্বস্ত হওয়া = ধ্বংস হওয়া, ভেঙেচুরে যাওয়া

দুঃসাহসিক = অত্যন্ত সাহসের কাজ

অকুতোভয় = ভয় নেই যার

**প্রশ্নোত্তরঃ**

**ক) বীরশ্রেষ্ঠরা কেন মুক্তিযুদ্ধ করেছিলেন?**

**উঃ** পরাধীনতার শৃঙ্খল থেকে প্রিয়মাতৃভূমি বাংলাদেশকে স্বাধীন করার জন্য বীরশ্রেষ্ঠরা মুক্তিযুদ্ধ করেছিলেন।

**খ) ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কিভাবে ঝুঁকি নিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন বর্ণনা কর।**

**উঃ** মুক্তিযুদ্ধ যখন শুরু হয় তখন মহিউদ্দিন জাহাঙ্গীর পাকিস্তান সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তাঁর কর্মস্থল ছিল পশ্চিম পাকিস্তানে। তিনি দেশের জন্য চাকুরি ছেড়ে মুক্তিবহিনীতে যোগ দেয়ার সিদ্ধান্ত নিলেন। জীবনের মায়া ত্যাগ করে পাকিস্তানের সীমানা অতিক্রম করে ভারতে পৌঁছালেন। তারপর মেহেদিপুরে অবস্থিত মুক্তিবাহিনীর ক্যাম্পে যোগ দিলেন। দেশ শত্রুমুক্ত হবার দুদিন আগে তিনি মহানন্দার যুদ্ধে মৃত্যু বরণ করেন।

**গ) যুদ্ধবিমানের নিয়ন্ত্রণ নিতে গেলে মতিউরের জীবনে কী ঘটেছিল?**

**উঃ** যুদ্ধবিমানের নিয়ন্ত্রণ করতে গিয়ে মতিউরের জীবনাবসান হয়েছিল। টি-৩৩ বিমানটি নিয়ন্ত্রণে নিতে গিয়ে পাকিস্তানি বৈমানিক মিনহাজ রশিদের সাথে তাঁর ধস্তাধস্তি হয়। বিমানটি পাকিস্তানের থাট্টায় বিধ্বস্ত হয় এবং মতিউর রহমান শহিদ হন।

**ঘ) বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান যে অসীম সাহসের সঙ্গে যুদ্ধ করেছিলেন তার বর্ণনা দাও।**

**উঃ** বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান রাতের আঁধারে তিন প্লাটুন সৈন্য নিয়ে যাত্রা শুরু করে ধলই সীমান্ত ফাঁড়ি দখলের উদ্দেশ্যে। ফাঁড়ির কাছে পৌঁছাতেই মাটিতে পুতে রাখা একটি মাইন বিস্ফোরিত হল। হামিদুর লক্ষ্য করলেন দুজন শত্রুসেনা এল এম জি থেকে গুলি ছুঁড়ছেন। এজন্য মুক্তিযোদ্ধারা এগুতে পারছিল না। হামিদুর ক্রলিং করে সেই দিকে এগিয়ে গেলেন। এরপর দুটো গ্রেনেড ছুঁড়লেন। গ্রেনেডটি ঠিক লক্ষ্যেই বিস্ফোরিত হল। শত্রুসেনাদের বিনাশ হলো। কিন্তু দ্বিতীয় গ্রেনেডটি ছুঁড়ার মুহূর্তে শত্রুর মেশিন গানের গুলি এসে লাগল তাঁর পায়ে, শহিদ হন তিনি।

**ঙ) এক মহান বীরগাথার রচয়িতা তাঁরা –ব্যাখ্যা কর।**

**উঃ** 'বীরশ্রেষ্ঠর বীরগাথা' রচনাটিতে তিনজন বীরশ্রেষ্ঠের মহান আত্মত্যাগের কথা বলা হয়েছে। তাদের বীরত্ব ও জীবনের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশকে। শত্রুমুক্ত করতে তাঁরা কোনকিছুর পরোয়া করেননি। এই বীরদের মহান আত্মত্যাগ চিরদিন স্মরণীয় হয়ে থাকবে। বীরত্বের এই কাহিনী প্রেরণা জোগাবে আমাদের স্বাধীনতার সুরক্ষায়।